[redacted]

[redacted]

গাংনীতে ব্র্যাক পরিচালিত কার্যক্রম পরিদর্শন করলেন ইউএনও

মেহেরপুরের গাংনীতে ব্র্যাক পরিচালিত বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।

আজ বুধবার (১২ জুন) দুপুরে গাংনীর ধানখোলা ইউনিয়নের কসবা এলাকায় ব্র্যাক যক্ষ্মা নিয়ন্ত্রন কর্মসূচীর কমিউনিটি পর্যায়ের স্টেকহোল্ডারদের নিয়ে একটি সচেতনতামূলক উঠান বৈঠক পরিদর্শন করেন তিনি।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা ব্র্যাকের মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন করেন এবং সংস্থার উন্নয়ন কার্যক্রমের বিষয়ে অবগত হন।

এ সময় তিনি উঠান বৈঠক উপস্থিত সকলকে যক্ষা রোগ নির্নয়, স্বাস্থ্য-পুষ্টি সহ অন্যান্য বিষয়ে সচেতনতামূলক বার্তা দেন। এ ক্ষেত্রে তিনি সরাসরি বা ব্র্যাকের মাধ্যমে যোগাযোগ স্থাপনের জন্য সকলকে বলেন।

এরপরে তিনি ব্র্যাকের কৃত্তিম প্রজনন কর্মসূচীর আওতায় প্রজননকৃত একটি বাছুর পরিদর্শন করেন ও খামারীর সাথে কথা বলেন।

পরিদর্শনকালে ব্র্যাক রেগুলেটরি এফেয়ার্স ইউনিটের ডিভিশনাল ম্যানেজার আবু সাঈদ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা.সুপ্রভা রানী, ব্রাক জেলা সমন্বয়ক (বিডিসি) শেখ মনিরুল হুদা, টিবি কনট্রোল প্রোগ্রামের পিও মো: আক্তার হোসেন, ব্র্যাক মাইক্রোফাইনান্স এরিয়া ম্যানেজার (দাবি) মোঃ আবিদ হোসেন, টিবি কনট্রোল প্রোগ্রামের মাঠকর্মী তুহিন শেখ, ব্যবস্থাপক (মাইক্রোফাইনান্স-বিসিইউপি) প্রকাশ কুমার প্রমূখ উপস্থিত ছিলেন।

বামন্দীতে ক্লিনিক মালিককে এক বছর কারাদন্ড ও ৫০ হাজার টাকা জরিমানা

ক্লিনিকের নানা অনিয়ম ও জণগনের ক্ষতি হবে জেনেও সেটি করার অপরাধে মেহেরপুরে এক ক্লিনিক মালিককে জেল ও জরিমানা করেছে ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট।

দন্ডিত ওই ক্লিনিক মালিকের নাম সাইদুল ইসলাম ওরফে বিদ্যুৎ। তিনি গাংনী উপজেলার বামন্দী করবি এন্ড ডায়াগনস্টিক সেন্টারের মালিক ও আওয়ামীলীগ নেতা হাজী ইছার উদ্দীনের ছেলে।

ক্লিনিক মালিক সাইদুল ইসলাম বিদ্যুৎ এর আগেও ভূঁয়া প্রতিষ্ঠানের নামে প্রতারণা মামলায় দীর্ঘদিন স্বস্ত্রীক জেল খেটেছেন।
গতকাল মঙ্গলবার বিকেল সাড়ে ৫ টার সময় ভ্রাম্যমাণ আদালত বসিয়ে তাকে জেল ও জরিমানা আদায় করা হয়।
ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম এই দণ্ডাদেশ দেন।

এসময় গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার কর্মকর্তা ডাক্তার সুপ্রভা রানী উপস্থিত ছিলেন।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট নাদির হোসেন শামীম জানান, জণগনের ক্ষতি হবে জেনেও সেটি করার অপরাধে “ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৫২ ধারায় করবি ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের মালিক জাহিদুল ইসলাম ওরফে বিদ্যুৎকে এক বছর বিনাশ্রম কারাদন্ড ও ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। পরে তাকে মেহেরপুর জেলা কারাগারে পাঠানোর নির্দেশ দেওয়া হয়।

এর আগে দুপুরের দিকে এ উপজেলার কল্যাপুর গ্রামের কালিতলা পাড়া এলাকার গার্মেন্টস ব্যবসায়ী পিংকু হোসেনের স্ত্রী রিভা খাতুনকে সিজারিয়ান অপারেশন করার সময় নবজাতকটি ওটি কক্ষেই মারা যায়। রিভা খাতুন প্রসব বেদনা নিয়ে সকালের দিকে ভর্তি হয়েছিলেন বলে জানান করবি ক্লিনিকের স্যাকমো মিলন আলী।

স্যাকমো মিলন বলেন, সকালে প্রসব বেদনা নিয়ে ভর্তি হলেও দুপুর

হয়েছে দুইটি আবার তিনটি করে বেড। পর্যাপ্ত পরিমাণ আয়া বা অন্যান্য জনবল নেই ক্লিনিটিতে।

এদিকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্◌েরর মেডিকেল অফিসার বোধা দীপ্ত দাস পিকলু (বিডি দাস) বিরুদ্ধে মাদক গ্রহণসহ নানা অভিযোগ রয়েছে। ২০১৭ সালের ১২ জুলাই রাতে কুষ্টিয়ার মিরপুর উপজেলার আবুরী এলাকা থেকে ডাঃ বোধা দীপ্ত দাস পিকলু (বিডি দাস) সহ ৪ জনকে আটক করার খবর প্রকাশ হয়েছিল পত্রিকায়। একটি স্থানীয় পত্রিকায় চিকিৎসক বিডি দাসের বিরুদ্ধে মাদককান্ড নিয়ে বিস্তারিত তুলে ধরা হয়েছি। তবে পুলিশ তাঁকে অজ্ঞাত কারনে ছেড়েও দিয়েছিল বলে ওই পত্রিকাটি খবর দিয়েছিল।

এদিকে ওই নবজাতকের মৃত্যু ও ক্লিনিকটিতে ভ্রাম্যমান আদালতের অভিযানের পরপরই ডাক্তার বোধা দীপ্ত দাস পিকলু (বিডি দাস) গাঁ ঢাকা দিয়েছেন। তাঁর মোবাইল ফোনে একাধিকবার কল দিয়েও তাঁকে পাওয়া যায়নি।

ছাগল নিয়ে ইউএনওর তুঘলকি কাণ্ড

মেহেরপুর জেলার গাংনী উপজেলা পরিষদ চত্তরে ছাগল প্রবেশ করার অপরাধে দুটি ছাগল আটক করে ছাগল মালিক লাভলী খাতুনের সাথে অসৌজন্য মুলক আচরন করার অভিযোগ উঠেছে উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার বিরুদ্ধে। পরে বিভাগীয় কমিশনারের কাছে অভিযোগ দিলে তারপর থেকে ছাগল ফেরত দিতে দৌড়ঝাঁপ শুরু করেন।

শুক্রবার দুপুর থেকে রাত পর্যন্ত এ ঘটনা ঘটে। ছাগল মালিক লাভলী খাতুন গাংনী বাজারের কম্পিউটার ব্যবসায়ী গাংনী সাইন্স এন্ড টেকলোজি কলেজের পরিচালক নাজমুল হুদার স্ত্রী।

এ ঘটনায় বিচার চেয়ে খুলনা বিভাগীয় কমিশনার হেলাল মাহমুদ শরীফের কাছে বিচার চেয়ে মোবাইল ফোনে আবেদন করেন নাজমুল হুদা। এ ঘটনায় বিচারের আশ্বাস দিয়েছে বিভাগীয় কমিশনার।

ছাগল মালিক লাভলী খাতুন জানান, আর্থিক সচ্ছলতার জন্য বাড়িতে দুটি

ছাগল পালন করেন। উপজেলা পরিষদের সীমানা প্রাচীর না থাকার কারনে শুক্রবার দুপুরে ছাগল দুটি উপজেলা পরিষদের মধ্যে প্রবেশ করে। এঘটনায় গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা ক্ষুদ্ধ হয়ে ছাগল দুটি আটক করে। অনেকবার অনুরোধ করার পরও ছাগল ফেরত না দিয়ে অসৌজন্য মুলক আচরন করে তাড়িয়ে দেন। এরপর আবারো ছাগল আনতে গেলে আবারো অসৌজন্য মুলক আচরন করেন।

লাভলী খাতুনের স্বামী নাজমুল হুদা বলেন, ছাগল দুটি আনার জন্য তিনি নিজেও দুইবার উপজেলা নির্বাহী অফিসারের কাছে গিয়েছিলেন। বারবার অনুরোধ করার পরও ছাগল না দিয়ে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে প্রাণী সম্পদ বিভাগের কাছে হস্তান্তর কিংবা কোনো খামারে প্রদান অথবা বিক্রি করে দেওয়া হবে বলে হুমকী দেন। পরে বিষয়টি নিয়ে জেলা প্রশাসকের মোবাইল নম্বরে কল দিলেও তিনি রিসিভ করেননি। অবশেষে রাত ১১ টায় বিষয়টি খুলনা বিভাগীয় কমিশনার হেলাল মাহমুদ শরীফ মহোদয়কে জানানো হলে তিনি ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন। কিছুক্ষন পর গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের মাস্টাররোলে কর্মচারী হাবিবুর রহমান হাবিব, ইউএনও অফিসের নাজির আবু হানজালা, গাংনী বাজার কমিটির সভাপতি সালাহউদ্দীন শাওন ও সবশেষে গাংনী থানার জনৈক্য একজন উপপরিদর্শক (এসআই) কে দিয়ে ছাগল ফেরত নেওয়ার কথা বলেন।

তিনি আরো বলেন অসৌজন্য আচরন ও ছাগল আটকের বিষয়টি জনপ্রশাসন মন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন,মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রী মো: আব্দুর রহমান সহ সংশ্লিষ্ট দপ্তরে লিখিত অভিযোগ জানানো হবে। তবে তিনি ও তার পরিবার সার্বিক বিষয়ে নিরাপত্তাহীনতার মধ্যে রয়েছেন।

গাংনী বাজার কমিটির সভাপতি সালাহ উদ্দীন শাওন বলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসারের অনুরোধে ছাগল মালিক লাভলী খাতুন ও নাজমুল হককে ফেরত নেওয়ার কথা বলা হয়েছে।

তবে এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার মেহেরপুর প্রতিদিন অফিস থেকে যোগাযোগ করা হলে তিনি বলেন, ছাগল মালিকের অভিযোগ সংর্বাশে সঠিক নয়। তবে ছাগল দুটি কিছুক্ষণ আটকিয়ে রাখলেও রাতেই মালিকের কাছে দিয়ে দেওয়া হয়েছে।

এদিকে, ছাগল কাণ্ড নিয়ে দিনভর নানা আলোচনা-সমালোচনা কেটেছে গাংনী উপজেলা শহর।

গাংনীতে দুদকের আয়োজনে মাধ্যমিক স্কুল পর্যায়ে বিতর্ক প্রতিযোগীতা অনুষ্ঠিত

এবার দুদক আয়োজিত বিতর্ক প্রতিযোগীয়তায় বাংলাদেশ পুলিশের সাবেক আইজিপি বেনজির আহমেদের দুর্ণীতিচিত্র নিয়ে ব্যাপক কোটেশন তুলে ধরেছেন পক্ষে বিপক্ষের বিতার্কিকবৃন্দ। তার্কিকরা তাদের যুক্তিখন্ডন করতে গিয়ে বারবারই তুলে ধরেন সাবেক পুলিশ প্রধান বেনজিরের দুর্ণীতিচিত্র।

গাংনী উপজেলার সাহেবনগর বহুমুখী উচ্চ মাধ্যমিক বিদ্যালয় বিতর্ক দলের দলনেতা নওরিন জাহান বলেন, শ্রেষ্ঠ বাংলাদেশ পুলিশের সাবেক আইজিপি বেনজির আহমেদ। বলা হয়ে থাকে যখন ক্ষমতায় ছিলেন তখন সবচেয়ে প্রভাবশালী ও বড় ক্ষমতাধর পুলিশ অফিসার ছিলেন। তার কাছে অসৎ পথে উপার্জিত হাজার কোটি টাকা। শুধুমাত্র দেশ প্রেম ও মুল্যবোধের অভাবে মানুষ বেনজিরের মত হয়ে ওঠে।

এই তার্কিক আরও বলেন, দুর্ণীতি আমাদের সমাজের রন্দে রন্দে ছড়িয়ে পড়েছে। তার উৎকৃষ্ট উদাহরণ সাবেক আইজিপি বেনজির আহমেদ।

আজ শনিবার (৮ জুন) দুপুরে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে কুষ্টিয়া সমন্বিত দুর্নীতি দমন কমিশন ও গাংনী উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির (দুপ্রক) আয়োজনে মাধ্যমিক স্কুল পর্যায়ে রচনা ও বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

শিক্ষার্থীদের মাঝে দুর্নীতি বিরোধী সচেতনতা তৈরি করতে ‘দেশপ্রেম ও মুল্যবোধের অভাবেই দুর্ণীতি বিস্তারের কারণ, বিষয়ের উপর পক্ষে-বিপক্ষে যুক্তিতর্ক তুলে ধরে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ও সাহেবনগর বহুমুখী উচ্চ বিদ্যালয়ের তার্কিকরা।

বিতর্ক প্রতিযোগীতার সমাপনী দিনে বিতর্ক প্রতিযোগিতায় পক্ষ দল সাহেবনগর বহুমখী উচ্চ বিদ্যালয়কে যুক্তিতে হারিয়ে বিপক্ষ দল জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হয়।

শ্রেষ্ট বক্তা নির্বাচিত হয়েছে সাহেবনগর বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের বিতার্কিক দলের নেতা নওরিন জাহান।

এতে সভাপতিত্ব করেন, গাংনী উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি ও সন্ধানী সংস্থার নির্বাহী পরিচালক মহা: আবু জাফর।

সমাপনি ও পুরুস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।
পুরুস্কার বিতরণ অনুষ্ঠানে বিশেষ আমন্ত্রিত অতিথি ছিলেন গাংনী উপজেলা চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, কুষ্টিয়া জেলা দুর্ণীতি দমন কমিশনের সহকারী পরিচালক নীল কমল পাল ও সাইদুর রহমান।

উপস্থিত ছিলেন, গাংনী সরকারি পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালু, হাড়াভাঙ্গা ডিএস ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ আব্দুর রাজ্জাক, বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলিমুজ্জামান, জোতি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক খুর্শিদা খানম, যুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল করিম, করমদী ডিগ্রী কলেজের প্রভাষক আবু সাদাদ মোহাম্মদ সায়েম পল্টু, প্রভাষক শরীফুল ইসলাম, গাংনী সন্ধানী স্কুল এন্ড কলেজের একাডেমিক প্রধান হাবিবুর রহমান, গাংনী টেকনিকেল কলেজের অধ্যক্ষ আবুল কালাম আযাদ স্বপন প্রমুখ।

এ ছাড়াও উপস্থিত ছিলেন গাংনী উপজেলা দুর্ণীতি প্রতিরোধ কমিটির সাধারণ সম্পাদক ও জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানি, কমিটির সদস্য সাংবাদিক জুলফিকার আলী কানন, প্রধান শিক্ষক খুর্শিদা বেগম, কামরুজ্জামান, সহকারি অধ্যাপক দিলরুবা খানম, হুমায়ন কবীর সুমন।

বিতর্ক প্রতিযোগীতার মডারেটর ছিলেন, গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা হোসনে মোবারক, বিচারক ছিলেন গাংনী উপজেলা আনসার ভিডিপি অফিসার সাইদুর রহমান, সহকারি প্রোগ্রাম অফিসার (আইসিটি) আব্দুর রাকিব ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার আব্দুল্লাহ আল মাসুম।

দুই দিন চলমান দুর্নীতি প্রতিরোধ বিষয়ে রচনা প্রতিযোগিতা ও বিতর্ক প্রতিযোগিতায় অংশ নেই এই উপজেলা শহরের আটটি স্কুল।

সমাপনি অনুষ্ঠানে বিজয়ীদের মাঝে পুরস্কার প্রদান করা হয়।

পরে অতিথিরা সকলের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে গাংনী উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক—শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

গাংনীর কাথুলী ইউনিয়নে ফাইনাল খেলা অনুষ্ঠিত

গাংনীর কাথুলী ইউনিয়নের গাড়াবাড়ীয়াতে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা গোল্ড কাপ ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (৬ জুন) সকাল ৯ থেকে গাড়াবাড়ীয়া কুতুবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় খেলার মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

এসময় উপস্থিত ছিলেন মাইলমারী সরকারী প্রথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক দানেছুর রহমান,সহকারী শিক্ষক হাফিজুল ইসলাম, সহকারী শিক্ষক শফিউদ্দিন কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান, আক্তারুজ্জামান লাভলু,জয়নাল আবেদীন,সহ আরো অনেকে।

ফাইনাল খেলায় বালক ও বালিকা উভয় প্রথম স্থান করেছেন মাইলমারী সরকারী প্রথমিক বিদ্যালয়। বালিকা রানার আপ কাথুলী সরকারী প্রথমিক বিদ্যালয়, রানার আপ বালক কুতুবপুর সরকারী প্রথমিক বিদ্যালয়।

গাংনীতে পিএসকেএসের আয়োজনে বিশ্ব পরিবেশ দিবসের আলোচনা

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি(পিএসকেএস) এর উদ্যোগে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়েছে।

“করবো ভূমি পুনরুদ্ধার, রুখবো মরুময়তা অর্জন করতে হবে মোদের খরা সহনশীলতা’ এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে তেঁতুলবাড়িয়া ইউনিয়নে পলাশীপাড়া শাখা কার্যালয়ে বিশ্ব পরিবেশ দিবস পালন উপলক্ষে আলোচনা সভা করা হয়।

উক্ত, বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে আলোচনা সভায় উপস্থিত ছিলেন তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের সিবিও কমিটির সভাপতি মোঃ শাখাওয়াত হোসেন, সমৃদ্ধি কর্মসূচী সমন্বয়কারী মোঃ জামিদুল ইসলাম, শাখা ব্যবস্থাপক মোঃ আব্দুল মান্নান,স্বাস্থ্য সহকারী মোঃ আসাদুল ইসলাম। সমাজ উন্নয়ন কর্মকর্তা মোঃ রাকিবুল ইসলামসহ অন্যান্য গন্যমান্য ব্যক্তিবর্গ।

গাংনীতে সপ্তম শ্রেনীর ছাত্রীকে যৌণ হয়রানির অভিযোগ শিক্ষকের বিরুদ্ধে

গাংনী উপজেলার বাওট সোলাইমানী মাধ্যমিক বিদ্যালয়ের শারীরিক শিক্ষকের বিরুদ্ধে ছাত্রীকে যৌণ হয়রানির অভিযোগ উঠেছে। তবে, এ ধরনের গুরতর অভিযোগ ওঠার পরেও অভিযুক্ত শিক্ষক মিরাজুল ইসলামের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেইনি বিদ্যালয় কতৃর্পক্ষ।

ওই শিক্ষকের নাম মিরাজুল ইসলাম। তিনি বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর নিয়োগকৃত শিক্ষক। তিনি ২০১৯

সালে ওই বিদ্যালয়ে সহকারি শিক্ষক (শারীরিক শিক্ষা) বিষয়ক শিক্ষক।

জানা গেছে, গত বুধবার ওই বিদ্যালয়ের সপ্তম শ্রেনীর এক ছাত্রীকে শিক্ষক মিরাজুল ইসলাম একটি কক্ষে একা পেয়ে জোরপূর্বক তার শরীরের স্পর্শকাতর স্থানে হাতে দেন। তাকে ধর্ষণের চেষ্টা চালায়। পরে ওই ছাত্রী ক্লাসে উপস্থিত না হয়ে ছাত্রী কমন রুমে অবস্থান নেই। বিষয়টি এক কান দোকান করতে করতে সবাই জানাজানি হয়।

বাওট সোলাইমানী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক আবুল বাশার জানান, ভিকটিম ক্লাসে না এসে ছাত্রী কমনরুমে বসে ছিল। অন্যান্য ছাত্রীরা আমাকে জানানোর পর আমি তার সাথে কথা বলতে গেলে শিক্ষক মিরাজুল ইসলাম তাকে যৌণ হয়রানি চালিয়ে বলে আমাকে জানায়। তিনি বলেন, এঘটনার পর অভিযেুক্ত শিক্ষক মিরাজুল ইসলাম আর স্কুলে আসেনি।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক সোহরাব হোসেন বলেন, বিষয়টি জানার পরে আমি তাকে মৌখিকভাবে বহিস্কার করেছি। এছাড়া তার বিরুদ্ধে উর্দ্ধতন কর্তপক্ষের কাছে জানানো হবে। ওই ছাত্রীর পরিবারের পক্ষ থেকে আমাকে লিখিত অভিযোগ দেওয়ার কথা ছিল। এজন্যও একটু দেরি হয়েছে বলে জানান তিনি। ঘটনার পাঁচ দিনে পরেও কোনো ব্যবস্থা নেওয়া হয়নি কেনো এমন প্রশ্নের জবাবে প্রধান শিক্ষক বলেছেন, আমি ওপেন হার্ট করা মানুষ। কালকে বিষয়টি উর্দ্ধতন কর্তপক্ষের কাছে জানাবো।

বিদ্যালয়ের ব্যবস্থাপনা পর্ষদের সভাপতি সাহাবুদ্দীন জানান, ঘটনাটি জানাজানি হওয়ার পর আমি প্রধান শিক্ষকের কাছে জানতে চেয়েছি। ব্যবস্থা নেওয়া হবে বলে তিনি আমাকে জানিয়েছেন। এছাড়া ভিকটিমের বড় বোন আমাকে মোবাইল ফোনে বিষয়টি জানিয়ে বিচার দাবি করেছেন। আমি সে বিষয়টিও প্রধান শিক্ষকের কাছে বলেছি।

এদিকে শিক্ষক মিরাজুল ইসলামের বিরুদ্ধে বিদ্যালয়ের বিভিন্ন ছাত্রীদের যৌণ হয়রানির চেষ্টার একাধিক অভিযোগ উঠেছে। তার এলাকাতেও এধরনের অনৈতিক কাজের একাধিক অভিযোগ রয়েছে।

এদিকে অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে বিচার দাবী ও বিদ্যালয় থেকে বহিস্কারের দাবী জানান অভিভাকরা।

[redacted]

[redacted]

পাইনা।

মেজরকে জখম করার অপরাধে গাংনী থানায় মামলা দায়েরের প্রস্তুতি নিচ্ছেন ভিকটিম।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম বলেন, অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

প্রশিক্ষণ কক্ষেই মারা গেলেন সহকারী শিক্ষিকা

প্রশিক্ষণ কক্ষেই হৃদরোগে আক্রান্ত হয়ে মারা গেলেন প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা মূর্শিদা খাতুন মৌসুমী (৪২)।গতকাল শনিবার বিকাল সাড়ে তিনটার দিকে গাংনী উপজেলা রির্সোস সেন্টার (ইউআরসি) এ মর্মান্তিক ঘটনা ঘটে।

মূর্শিদা খাতুন মৌসুমী গাংনী উপজেলার মহম্মদপুর মধ্যপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা। তিনি একই গ্রামের অবসরপ্রাপ্ত সেনা সদস্য রাসেল আহমেদ মামুনের স্ত্রী।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক জিয়া মোহম্মদ আহসান মাসুম বলেন, শিক্ষাক্রম বিস্তরণ-২০২৪ এর আওতায় তিনদিন ব্যাপি শিক্ষকেদর প্রশিক্ষণ চলছে। আজ ছিল প্রশিক্ষণের দ্বিতীয় দিন। ঘটনার সময় শিক্ষিকা মৌসূমীর পাঠ প্রদর্শন চলছিল। পাঠ প্রদর্শণ চলা অবস্থায় অসুস্থ হয়ে মাটিতে লুটিয়ে পড়েন তিনি। এসময় অন্যান্য সহকর্মীরা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

তিনি আরও বলেন, গাংনী সরকারি প্রাথমিক শিক্ষা অফিসের সহকারী শিক্ষা অফিসার (এটিও) আরিফুল ইসলাম ও মেহেরপুর পিটিআই এর প্রশিক্ষক আনিছুর রহমান প্রশিক্ষক হিসেবে দায়িত্বে ছিলেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে কর্মরত চিকিৎসক সীমা বিশ্বাস জানান, ওই শিক্ষিকা হাসপাতালের আসার আগেই মারা

গেছেন। ধারণা করা হচ্ছে হার্ট এট্যাক হয়ে তার মৃত্যু হয়েছে।